

২. শ্রেষ্ঠ গ্রামপুলিশ নির্বাচন, পুরস্কার প্রদান এবং অসহযোগিতার জন্য তিরস্কার প্রদানঃ


মে/২০২৪ মাসে ০-৩৬৫ দিন বয়সী মোট ২৪ টি শিশুর জন্ম নিবন্ধন ও ০৫ টি মৃত্যু নিবন্ধন সম্পন্নকরনে সহযোগিতা করার জন্য মোক্তারপুর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ০৩নং ওয়ার্ডের গ্রামপুলিশ মাহমুদুল হাসান ও দফাদার জনাব শ্যামল সরকার কে আন্তরিকভাবে ধন্যবাদ জানানো হয়; তাকে পরিষদের পক্ষ থেকে একটি ধন্যবাদপত্র ও সামান্য প্রাইজমানি ও প্রদান করা হয়। পাশাপাশি মে/২০২৪ মাসে ০৯ নং ওয়ার্ড গ্রাম পুলিশ ও ০৭নং ওয়ার্ড গ্রাম পুলিশ এর(০-৩৬৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন) ও (০-৩৬৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন) সন্তোষজনক না হওয়ায় উক্ত ওয়ার্ডের গ্রামপুলিশদের বিধি অনুযায়ী তিরস্কার দেওয়া হয় এবং ভবিষ্যতে এই ধারা অব্যাহত থাকলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা মর্মে তাকে সতর্ক করা হয়।

সিদ্ধান্তঃ

জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহযোগিতার জন্য প্রতিমাসেই একজন শ্রেষ্ঠ গ্রামপুলিশ নির্বাচন করা হবে; তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হবে এবং যে গ্রাম পুলিশের কাজের অবহেলা প্রমানিত হবে তার বেতন ভাতা বন্ধ করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

বাস্তবায়নকারীঃ

চেয়ারম্যান, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, গ্রামপুলিশবৃন্দ এবং অন্যান্য সদস্যবৃন্দ।
পরবর্তীতে আর কোন আলোচনা না থাকায়, ০-৩৬৫ দিন বয়সী সকল জন্ম ও মৃত্যু যেন আমরা সকলের সহযোগিতায় শতভাগ করতে পারি সেই আশাবাদ ব্যক্ত করে, সকলকে বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভাপতি সাহেব আবাবারো সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।



আলমগীর হোসেন

চেয়ারম্যান

০২নং মোক্তারপুর ইউনিয়ন পরিষদ

কালীগঞ্জ, গাজীপুর।

ও

সভাপতি

০২নং মোক্তারপুর ইউনিয়ন সার্বজনীন জন্ম- মৃত্যু নিবন্ধন টাফফোর্স কমিটি।

আলমগীর হোসেন
চেয়ারম্যান

০২নং মোক্তারপুর ইউনিয়ন পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর।